

## জেলা মৎস্য কর্মকর্তার জীবন বৃত্তান্ত



মোহাম্মদ শহিদুল ইসলাম  
জেলা মৎস্য কর্মকর্তা  
কিশোরগঞ্জ

মোহাম্মদ শহিদুল ইসলাম ০৬ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দে মৎস্য অধিদপ্তর, কিশোরগঞ্জ এর জেলা মৎস্য কর্মকর্তা পদের দায়িত্বভার গ্রহণ করেন। এ পদে যোগদানের পূর্বে তিনি মৎস্য অধিদপ্তরাধীন **নেত্রকোণা** জেলার সিনিয়র সহকারী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব মোহাম্মদ শহিদুল ইসলাম **ময়মনসিংহ** জেলাধীন **হালুয়াঘাট** উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার হালুয়াঘাট আদর্শ উচ্চ বিদ্যালয় হতে ১৯৯০ সালে প্রথম বিভাগে মাধ্যমিক এবং হালুয়াঘাট শহীদ স্মৃতি ডিগ্রী কলেজ, হালুয়াঘাট, ময়মনসিংহ হতে ১৯৯২ সালে প্রথম বিভাগে উচ্চ মাধ্যমিক সম্পন্ন করেন। পরবর্তীতে তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ হতে ১৯৯৭ ও ২০০৪ সালে মৎস্য বিষয়ে যথাক্রমে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। বিশ্ববিদ্যালয় জীবনে তিনি **হোসেন শহীদ সোহরাওয়ার্দী** হলের আবাসিক ছাত্র ছিলেন।

মোহাম্মদ শহিদুল ইসলাম **২৫তম** বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে **২০০৬** সালে বিসিএস (মৎস্য) ক্যাডারে যোগদান করেন। তিনি মৎস্য অধিদপ্তরের উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও সিনিয়র সহকারী পরিচালকের দায়িত্ব পালন করেন।

তিনি দেশে এবং বিদেশে মৎস্য প্রশিক্ষণ ব্যবস্থাপনা, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। জনাব মোহাম্মদ শহিদুল ইসলাম অধিদপ্তরের একজন ডিটি, প্রশিক্ষণ ব্যবস্থাপনা, মডিউল প্রণয়নে প্রশিক্ষক হিসেবে উল্লেখ্যযোগ্য ভূমিকা রেখেছেন। তিনি বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সাথে জড়িত।

ব্যক্তি জীবনে তিনি দুই পুত্র সন্তানের জনক।